দৈনিক ইনকিলাব

তারিখ ... SEP 1 ... 1999 ...
পৃষ্ঠা ... কলাম ...

19

### স্থায়ী কম্পিউটার সিটি উদ্বোধন

# শুরু হয়েছে জমজমাট কম্পিউটার মেলা

**স্টাফ রিপোর্টার ঃ** রাজধানীর আগারগাঁওয়ে ইসলামী উন্নয়ন ব্যাংক (আইডিবি) ভবনে গতকাল থেকে পক্ষকালব্যাপী জমজমাট কম্পিউটার মেলা শুরু হয়েছে। বাংলাদেশ কম্পিউটার সমিতি এ যাবৎ কালের বৃহত্তম এই কম্পিউটার মেলার আয়োজন করেছে। একই সাথে আইডিবি ভবনে স্থায়ী কম্পিউটার সিটিরও উদ্বোধন করা হয়েছে। অর্থমন্ত্রী শাহ এ এম এস কিবরিয়া এই কম্পিউটার মেলা ও কম্পিউটার সিটির উদ্বোধন করেন।

গতকাল উদ্বোধনী দিনেই আইডিবি ভবনে কম্পিউটারপ্রেমী বিপুল ক্রেতা-দর্শকের সমাগম ঘটে। এদের অধিকাংশই ছিল স্কুল-কলেজের তরুণ ছাত্র-ছাত্রী। আইডিবি ভবনের ৪টি তলা জুড়ে ১ লাখ বর্গফুট স্থানে আয়োজিত এই কম্পিউটার মেলায় ১৬০টি প্রতিষ্ঠান সফটওয়্যার, হার্ডওয়্যার, কম্পিউটার প্রশিক্ষণ, কম্পিউটার সংক্রান্ত প্রকাশনা, ইন্টারনেট প্রভৃতি বিষয় উপস্থাপন করেছে। মেলা উপলক্ষে প্রতিযোগিতামূলক দামে কম্পিউটার সামগ্রী বিক্রিও হচ্ছে।

অর্থমন্ত্রী শাহ এ এম এস কিবরিয়া গতকাল এই বৃহত্তম কম্পিউটার মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দানকালে বলেন, কম্পিউটার শিল্প বাংলাদেশে এক নয়া

২-এর পৃঃ ৬-এর কঃ দেখুন



*ইনকিলাব ঃ কম্পিউটার মেলার উদ্বোধনী দিনে গতকাল আগ্রহী দর্শকদের বিভিন্ন কম্পিউটার সামগ্রী প্রদর্শন ও ব্যাখ্যা করে বোঝান স্টলগুলোর কর্মীরা*

**কম্পিউটার মেলা** প্রথম পৃষ্ঠার

পরিবর্তনের ধারা সৃষ্টি করেছে। কম্পিউটার শিল্প ও সফটওয়্যার রফতানী অঙ্গাঙ্গিভাবে জড়িত উল্লেখ করে তিনি বলেন, কম্পিউটার প্রযুক্তি এদেশের প্রতিটি ব্যবহারিক ক্ষেত্রে প্রয়োগ করা হলে আমরা যথেষ্ট লাভবান হবো। হাসপাতাল, ব্যাংক ইত্যাদি প্রতিটি সরকারী সেক্টরকে কম্পিউটার প্রযুক্তির আওতায় আনার জন্য তিনি আহবান জানান এবং একই সাথে কম্পিউটার সফটওয়্যার রফতানীর উদ্যোগ গ্রহণ ও এজন্য পর্যাপ্ত দক্ষ জনবল গড়ে তোলার জন্যও তিনি গুরুত্বারোপ করেন।

কম্পিউটার সমিতির সভাপতি আফতাব-উল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এ উদ্বোধনী সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বুয়েটের প্রফেসর ও কম্প্যুটার সফটওয়্যার রফতানী সংক্রান্ত জাতীয় কমিটির উপদেষ্টা ডঃ জামিলুর রেজা চৌধুরী। অনুষ্ঠানে ধন্যবাদ দেন কম্পিউটার সমিতির মহাসচিব আহমেদ হাসান জুয়েল।

প্রধান অতিথি শাহ এ এম এস কিবরিয়া কম্পিউটার সংক্রান্ত আইন প্রণয়নের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করে বলেন, দক্ষ জনশক্তি তৈরীতে ব্যর্থ হলে আমরা বর্তমান মুক্তবাজার অর্থনীতির প্রতিযোগিতায় টিকে থাকতে পারবো না। তিনি বলেন, আমাদের জাতি এগিয়ে যেতে প্রস্তুত। কিন্তু একটি মহল বিভেদ-সংঘাত সৃষ্টি করে কৃত্রিম সমস্যা তৈরীর মাধ্যমে দেশের উন্নয়ন ব্যাহত করছে। উন্নয়ন ব্যাহত করার এই আত্মঘাতী চেষ্টা রুখতে তিনি সবাইকে আহবান জানান।

বিশেষ অতিথি প্রফেসর জামিলুর রেজা চৌধুরী বলেন, কম্পিউটার হার্ডওয়্যার ও সফটওয়্যার কেনাবেচার জন্য আইডিবি ভবনের এই স্থায়ী কম্পিউটার সিটি একটি উপযুক্ত মার্কেট হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। তথ্য-প্রযুক্তি উন্নয়ন সার্বিক আর্থ-সামাজিক উন্নয়নে বিরাট ভূমিকা রাখবে উল্লেখ করে তিনি কম্পিউটার শিল্পের তথা তথ্য-প্রযুক্তির প্রসারে দেশের টেলিযোগাযোগ ব্যবস্থাকে আরো উন্নত করার আহবান জানান এবং ইন্টারনেটের উচ্চ বিল কমিয়ে মিনিটে ৪০ পয়সা ধার্যের সুপারিশ করেন। তিনি বাংলাদেশে ইলেকট্রনিক কমার্স চালুর জন্য টাস্কফোর্স গঠনেরও আহবান জানান।

উল্লেখ্য, পক্ষকালব্যাপী এই কম্পিউটার মেলা আগামী ২৫ সেপ্টেম্বর পর্যন্ত প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৮টা অবধি খোলা থাকবে এবং এ সময় মেলায় প্রবেশের জন্য ১০ টাকা ফী ধার্য করা হয়েছে। মেলা শেষেও এখানে স্থায়ীভাবে শতাধিক প্রতিষ্ঠানে কম্পিউটার কেনাবেচা ও প্রদর্শনী চলবে।